গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
উত্তরা রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা
সংগলশী, নীলফামারী
(www.bepza.gov.bd)

সূত্রঃ ০৩.০৬.৭৩৬৪.৩৩৩.৩৩.০০১.২০২০/ ৬৭২

তারিখঃ ০৬ জুলাই, ২০২৬

## নিলাম বিজ্ঞপ্তি

উত্তরা ইপিজেডস্থ বন্ধ হয়ে যাওয়া Poly Bag, Back Board, Neck Board, Paper Label, Plastic Hanger, Corrugated Carton Box, Hang Tag/ Price Tag, Sewing Thread, Padding/ Wedding, Quilting, Felt, Interlining, Interlining felt, Interlining non Woven, Comforter, Pillow. প্রস্তুতকারী শিল্প প্রতিষ্ঠান M/s. Independent Export (BD) Ltd., Plot # 05-06, Sector # 01, Uttara EPZ এর ইনভেন্টরীকৃত ও মূল্য নিরূপনকৃত স্থাপনা, মেশিনারীজ, যন্ত্রপাতি ও অন্যান্য মালামাল "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামের মাধ্যমে বিক্রয় অথবা পরিচালনার লক্ষ্যে আগ্রহী দেশী/ বিদেশী ক্রেতা/ কোম্পানীসমূহের নিকট হতে নিম্নলিখিত শর্তানুযায়ী সীলমোহরকৃত নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

**শর্ত ও নিয়মাবলী :**

১) আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান/ ইপিজেডস্থ কোম্পানী (দেশী/ যৌথ বিনিয়োগ/ বিদেশী) অথবা ইপিজেডের বাহিরে অবস্থিত যেকোন ব্যক্তি/ প্রতিষ্ঠান উক্ত কোম্পানীর স্থাপনা, মেশিনারীজ, যন্ত্রপাতি ও অন্যান্য মালামাল "যেখানে যে অবস্থায় আছে" ক্রয়ের উদ্দেশ্যে নিলামে প্রচলিত বিধি মোতাবেক অংশগ্রহণ করতে পারবে।

২) শিল্প প্রতিষ্ঠানটির বিদ্যমান মালামালসমূহের মধ্যে যেসকল মালামাল শুল্কমুক্তভাবে আমদানী করা হয়েছে সেসকল মালামাল ইপিজেডের বাহিরে শুল্ক এলাকায় ব্যবহারের ক্ষেত্রে সফল দরদাতা নিয়মানুযায়ী ভ্যাট, ট্যাক্স ও প্রদেয় কাষ্টমস শুল্ক পরিশোধ করবেন।

৩) বেপজার অনুকূলে যেকোন তফসিলি ব্যাংক হতে জামানত বাবদ উদ্ধৃত মূল্যের ১৫% সমপরিমান অর্থ (সফল দরদাতার জন্য অফেরৎ যোগ্য এবং অসফল দরদাতার জন্য ফেরৎ যোগ্য) একটি মাত্র পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/ এফডিডি এর মাধ্যমে দরপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করে জমা দিতে হবে। জামানত ব্যতীত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৪) আগামী ০৯/০৮/২০২৬ থেকে ১০/০৮/২০২৬ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত কোম্পানীর ইনভেন্টরীকৃত স্থাপনা, মেশিনারীজ, যন্ত্রপাতি ও অন্যান্য মালামাল সরেজমিনে পরিদর্শন করা যাবে এবং মালামাল পরিদর্শন ও মালামালের তালিকার বিষয়ে উত্তরা ইপিজেডের নির্বাহী পরিচালক এর সহিত সরাসরি যোগাযোগ করে জানা যাবে।

৫) কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র গৃহীত হলে ১৫ দিনের মধ্যে সফল দরদাতাকে উদ্ধৃত মূল্যের সমুদয় অর্থের উপর প্রযোজ্য আয়কর ও ভ্যাটসহ অবশিষ্ট ৮৫% বেপজা বরাবরে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/ এফডিডি এর মাধ্যমে পরিশোধ করতে হবে এবং বেপজা ও কাস্টমস কর্তৃপক্ষের নিয়মানুযায়ী স্থাপনা, মেশিনারীজ, যন্ত্রপাতি ও অন্যান্য মালামালসমূহ ডেলিভারী নিতে হবে।

৬) দরপত্র আগামী ১১/০৮/২০২৬ তারিখ পর্যন্ত হিসাব শাখা, চট্টগ্রাম ইপিজেড, ঢাকা ইপিজেড, কর্ণফুলি ইপিজেড, কুমিল্লা ইপিজেড, উত্তরা ইপিজেড, আদমজী ইপিজেড, মোংলা ইপিজেড ও ঈশ্বরদী ইপিজেড এবং বেপজা নির্বাহী দপ্তরের হিসাব শাখা হতে অফিস চলাকালীন সময়ে ৫,০০০.০০ টাকার (অফেরৎ যোগ্য) বিনিময়ে ক্রয় করা যাবে।

৭) দরপত্রসমূহ আগামী ১৯/০৮/২০২৬ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে নির্বাহী পরিচালক, উত্তরা ইপিজেড এর দপ্তরে রক্ষিত টেন্ডারবাক্সে জমা দেয়া যাবে এবং দাখিলকৃত দরপত্রসমূহ একই তারিখে দুপুর ১২:৩০ ঘটিকায় নির্বাহী পরিচালক, উত্তরা ইপিজেডের দপ্তরে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকে) উন্মুক্ত করা হবে। নিলাম দরপত্রের সাথে হালনাগাদ ভ্যাট, টিআইএন এবং ট্রেড লাইসেন্সের কপি সংযুক্ত করতে হবে; তবে ইপিজেডে বিনিয়োগে আগ্রহী সম্পূর্ণ নতুন শতভাগ বিদেশি মালিকানাধীন কোম্পানীর ক্ষেত্রে এ শর্ত শিথিলযোগ্য।

৮) বন্ধ শিল্প প্রতিষ্ঠানটি পরিচালনায় আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান/ বিনিয়োগকারীর নিকট নিলামে বিক্রয়ের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

৯) প্রযোজ্য ক্ষেত্রে সফল দরদাতাকে বিধি মোতাবেক বেপজার প্রকল্প অনুমোদন প্রক্রিয়া অনুসরণপূর্বক ইপিজেডে শিল্প প্রতিষ্ঠান পরিচালনার অনুমতি গ্রহণ করতে হবে।

১০) কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন দরপত্র গ্রহণ বা বাতিল বা সকল দরপত্র বাতিল করা ছাড়াও দরপত্র প্রত্যাশানুযায়ী পাওয়া না গেলে তা বাতিল করত: পরবর্তী ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করেন।

স্বা/-
(মোহাম্মদ আব্দুল জব্বার)
নির্বাহী পরিচালক
ফোন: 02-58819002
e-mail: ed.uepz@bepza.gov.bd

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্যঃ**

১. মহাপরিচালক, সি.পি.টিইউ, আই, আ.ই.ডি, পরিকল্পনা মন্ত্রনালয়, ব্লক-১২, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা, তাকে নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি সিপিটিইউ এর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২. কমিশনার, কাস্টমস, শুল্ক এবং ভ্যাট কমিশনারেট, রংপুর।
৩. নির্বাহী পরিচালক (বিউ), বেপজা, ঢাকা।
৪. প্রধান হিসাব ও অর্থ কর্মকর্তা, বেপজা, ঢাকা ও নির্বাহী পরিচালক, চট্টগ্রাম ইপিজেড, ঢাকা ইপিজেড, কর্ণফুলি ইপিজেড, কুমিল্লা ইপিজেড, উত্তরা ইপিজেড, আদমজী ইপিজেড, মোংলা ইপিজেড ও ঈশ্বরদী ইপিজেড (দরপত্র বিক্রয়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫. নির্বাহী পরিচালক (এমআইএস), বেপজা, ঢাকা (নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি বেপজা এর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৬. নির্বাহী পরিচালক (জনসংযোগ), বেপজা, ঢাকা (আগামী ০৯/০৭/২০২৬) তারিখের মধ্যে বিজ্ঞপ্তিটি দুইটি বহুল প্রচারিত জাতীয় দৈনিক-(একটি ইংরেজী, একটি বাংলা) ও একটি স্থানীয় পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হল এবং ১০ কপি বাংলা ও ইংরেজী মূল বিজ্ঞপ্তি সংযুক্ত করা হল)।
৭. পরিচালক (শিঃ সঃ/কঃ অঃ/হিসাব ও অর্থ/প্রশাসন), উত্তরা ইপিজেড।
৮. একান্ত সচিবের মাধ্যমে নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ঢাকা।
৯. উর্ধ্বতন নির্বাহী প্রকৌশলী (পুর), উত্তরা ইপিজেড।
১০. নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), উত্তরা ইপিজেড, নীলফামারী।
১১. নথি/মহানথি।

06.7.2026
নির্বাহী পরিচালক